

সারা জীবন ফ্রী ব্যবহার করুন মাইক্রোসফট অফিস ২০১০ বা ২০০৭ অথবা ২০০৩

টিউন করেছেন : FAISAL | প্রকাশিত হয়েছে : ২১ জুলাই, ২০১১ | 262 বার দেখা হয়েছে | ❤️4

মাইক্রোসফট অফিস ২০১০ বা ২০০৭ অথবা ২০০৩ এর যে কোন এডিশন ব্যবহার করুন সারা জীবন ফ্রী। আমরা মোটামুটি সবাই মাইক্রোসফট অফিস ২০০৭ ও ২০০৩ লাইফটাইম ফ্রী ব্যবহারের পদ্ধতি আয়ত্ত্ব করে ফেলেছি। আপনারা ভাবছেন ২০১০ থাকতে আবার ২০০৭ বা ২০০৩ এর দরকার কি? আসলে একটিভেটর পদ্ধতিটা একই। যার যা প্রয়োজন তিনি সেটা ব্যবহার করবেন। মাইক্রোসফট অফিস ২০১০ ইনস্টল নিয়ে টেকটিউনসে অনেক অনেক টিউন থাকার পর ও লিখতে বসলাম। কারণ আজ ২০.০৭.১১ ইং পর্যন্ত মাইক্রোসফট অফিস ২০১০ ইনস্টল নিয়ে টিউন করা কোন টিউন-ই ঠিক ভাবে কাজ করে না। তার সাথে আছে অনেক জটিল পদ্ধতির ইনস্টলেশন টেকনিক।

আমি টেকটিউনস থেকে এমন অনেক একটিভেটর ব্যবহার করার চেষ্টা করে গতকাল পর্যন্ত সফল হই নাই। আমার টা ও সব পিসি বা অপারেটিং সিস্টেমে সফল হবে তার কোন গ্যারান্টি নাই, তবে সফল হওয়ার সম্ভাবনা প্রায় শতভাগ। ২০১০, ২০০৭, ২০০৩ সব ভার্সনে ইনস্টলেশন পদ্ধতি ও একটিভেটর একহওয়ায় আমি শুধু ২০১০ ইনস্টল নিয়ে আলোচনা করবো। আসুন আমরা একটা মাত্র একটিভেটর ব্যবহার করে সফল হওয়ার চেষ্টা করি।

আপনার পিসি বা সিডি/ডিভিডি তে যদি অফিস ২০১০ থেকে থাকে তবে তা পিসিতে ইনস্টল করুন।

- না থাকলে মাইক্রোসফট ওয়েব সাইট এর এই লিংক [\[মাইক্রোসফট অফিস\]](http://office.microsoft.com/en-us/try/try-office-2010-FX101868838.aspx?WT.mc_id=mscom_enus_bnr_tryq4%2CMSCOM_EN_US_HP_FEATURE_121LMUS007399)
http://office.microsoft.com/en-us/try/try-office-2010-FX101868838.aspx?WT.mc_id=mscom_enus_bnr_tryq4%2CMSCOM_EN_US_HP_FEATURE_121LMUS007399 এ প্রবেশ করুন।
- মাইক্রোসফট অফিস ২০১০ এর যে কোন এডিশনের ট্রাই ইট ফ্রী তে ক্লিক করুন।
- তারপর ট্রাই ফ্রী ফর ৬০ ডেজ এ ক্লিক করুন। ভাষা সিলেক্ট করুন। ট্রাই নাউ এ ক্লিক করুন।
- আপনার হটমেইল বা লাইভ এর মেইল আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করুন। হটমেইল বা লাইভ এর আইডি না থাকলে ক্রিয়েট করে প্রবেশ করুন।
- মাইক্রোসফট অফিস অমুক এডিশন ট্রায়াল দেখাবে। সিরিয়াল নং পাবেন। সিরিয়াল নং কপি করে সংরক্ষণ করুন। যা ইনস্টল এর সময় লাগবে।
- ডাউনলোড নাউ এ ক্লিক করুন।
- ডাউনলোড করা শেষ হলে ইনস্টল করুন।

ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এর যে কোনটা ওপেন করুন। ফাইল থেকে হেল্প এ ক্লিক করুন দ্বিতীয় কলামের উপরে মাইক্রোসফট অফিস লেখার নিচে আপনার অফিসটা ৬০ দিনের ট্রায়াল ভার্সন দেখবেন এবং টাস্ক প্যানেলেও দেখবেন মাইক্রোসফট ওয়ার্ড বা অমুক ট্রায়াল।

- এবার মিডিয়া ফায়ার এর এই লিংক [\[একটিভেটর ডাউনলোড লিংক\]](http://www.mediafire.com/?13d2bh13943zbb1) থেকে একটিভেটর টি ডাউনলোড করুন।
- আপনার উইন্ডোজ যে ড্রাইভে ইনস্টল করা সে ড্রাইভে প্রবেশ করুন।
- ৬৪ বিট অপারেটিং সিস্টেম ও অফিস ২০১০ সফটওয়্যার টি ৬৪ বিট এর হলে প্রোগ্রাম ফাইলস এ যান, অফিস ২০১০ সফটওয়্যার টি ৩২ বিট এর হলে প্রোগ্রাম ফাইলস (x86) এ যান। ৩২ বিট অপারেটিং সিস্টেম ও অফিস ২০১০ সফটওয়্যার টি ৩২ বিট এর হলে প্রোগ্রাম ফাইলস এ যান।
- মাইক্রোসফট অফিস এ যান ডাউনলোড করা একটিভেটর ফাইলটি এখানে পেস্ট করুন।
- একটিভেটর এর উপর দুই বার ক্লিক করুন। এক্সট্রাক্ট করুন।
- দুইটি ফাইল পাবেন। এর মধ্যে অফিস ২০১০ টুলকিট এ দুই বার ক্লিক করুন। ইজেড-একটিভেটর এ ক্লিক করুন ও কিছু সময় অপেক্ষা করুন।
- একটিভেটর সাকসেস লেখা আসবে, ক্লোজ করুন। ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এর যে কোন একটি চালু করুন।
- ফাইল থেকে হেল্প এ যান দ্বিতীয় কলামে মাইক্রোসফট অফিস এর নিচে লেখা আসবে প্রোডাক্ট এ্যাকটিভেটেড।

[ইন্টারনেট সংযোগ থাকলে সংযোগ বিচ্ছিন্ন করে ইনস্টল করলে কোন রকম ঝামেলা হওয়ার সম্ভাবনা কম থাকে]